



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.৭২

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার শিমু রেজা কলেজের অধ্যক্ষের অনৈতিক ও বে আইনি কার্যকলাপের বিষয়ে ব্যাখ্যা প্রদান

সূত্র: দুর্নীতি দমন কমিশন, ঢাকার এর স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.৪২৫.১৯-৩৬০৫০, তারিখ-১৯/৯/২০১৯খ্রি.  
উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার শিমু রেজা কলেজের অধ্যক্ষের অনৈতিক ও বে আইনি কার্যকলাপের বিরুদ্ধে মিসেস ইয়াসমিন লতিফ অভিযোগ করেন।

বর্ণিত অভিযোগ তদন্ত করা হয়। তদন্ত কমিটির পর্যবেক্ষণ ও মতামত নিম্নরূপ:

কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় (১) অধ্যক্ষ জনাব জয়ন্ত কুমার ঘোষ অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য তাঁর পূর্বের কর্মস্থল থেকে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে শিমু রেজা কলেজে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন ও পূর্বের কর্মস্থল থেকে আরোহিত বেতন ভাতাদি সরকারি কোষাগারে ফেরৎ প্রদান করেছেন। (২) জনাব দিপ্তি রাণী মন্ডল দীর্ঘ সাত বছর সরকারি প্রাইমারি স্কুল থেকে বেতন ভাতাদি আরোহন করা অবস্থায় এমপিও হওয়ার জন্য আবেদন করে এমপিও ভুক্ত হয়েছেন (৩) অন্যান্য প্রভাষক দের মধ্যে জনাব মৃগাল কান্তি খাঁ, জনাব জি .এম .আবু হাসান, জনাব মোঃ মহসীন হোসেন, জনাব মোঃ জিয়াদ আলী, এমপিও ভুক্তির পূর্বে অন্য প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন শিমু রেজা কলেজ, কালীগঞ্জ, সাতক্ষীরা, কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষকদের ছুটি প্রদান করে অন্যত্র চাকুরী করার সুযোগ দেয়ায় শিক্ষকদের চাকুরীর ধারাবাহিকতা রক্ষা হয়নি একই সাথে প্রতিষ্ঠানটি এমপিওভুক্তি ঘোষণার পর নিজ প্রতিষ্ঠানে ফেরার প্রক্রিয়া বিধি সম্মত নয়। এবিষয়ে কলেজ অধ্যক্ষ ও পরিচালন পর্ষদ দায় এড়াতে পারে না।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির পর্যবেক্ষণ, পর্যালোচনা ও মতামতের প্রেক্ষিতে ব্যাখ্যা ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে প্রদান করার জন্য অধ্যক্ষকে ও তদন্ত কমিটির পর্যবেক্ষণ, পর্যালোচনা ও মতামতের প্রেক্ষিতে মতামত ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে প্রদান করার জন্য গভর্নিং বডি'র সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-২-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) সভাপতি, গভর্নিং বডি, শিমু রেজা কলেজ, সাতক্ষীরা।
- ২) অধ্যক্ষ, শিমু রেজা কলেজ, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.৭২/১(৩)

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)



১০-২-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক